23 জলাই. 2026

## পরিশিষ্ট A

## প্রস্তাবিত প্রশ্নাবলী

23 জলাই. 2026

**<u>প্রস্তাবিত প্রশ্নাবলী</u>**

**2026 চার্টার রিভিশন কমিশন**

**প্রশ্ন 1**

<u>প্রস্তাবিত চার্টার সংশোধনী: পাবলিক স্পেস বা গণপরিসর ব্যবহারের জন্য 'রিভোকেবল কনসেন্ট' (প্রত্যাহারযোগ্য সম্মতি) প্রদানের প্রক্রিয়া ত্বরান্বিতকরণ</u>

র‍্যাম্প, প্ল্যান্টার (গাছের টব) এবং ক্যাফের মতো ব্যবহারের জন্য গণপরিসর সুবিধা সুগম করা; এই উদ্দেশ্যে বাধ্যতামূলক গণশুনানি এবং ফুটপাত ক্যাফের ক্ষেত্রে সিটি কাউন্সিলের সরাসরি প্রত্যাখ্যানের নিয়ম রহিত করে একই সাথে স্থানীয় সম্প্রদায় ও কাউন্সিলের মতামত প্রদানের সুযোগ বজায় রাখা।

"হ্যাঁ" স্থানীয় সম্প্রদায়ের মতামত প্রদানের সুযোগ বহাল রেখে গণপরিসর ব্যবহারের প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে। "না" বাধ্যতামূলক গণশুনানির মাধ্যমে গণপরিসর ব্যবহার এবং ফুটপাত ক্যাফের ক্ষেত্রে সিটি কাউন্সিলের পর্যালোচনার দীর্ঘমেয়াদী প্রক্রিয়া বজায় রাখবে।

**প্রশ্ন 2**

<u>প্রস্তাবিত চার্টার সংশোধনী: সিটি ঠিকাদারদের পেপারওয়ার্ক বা কাগুজে জটিলতা হ্রাস করা; প্রকিউরমেন্ট পলিসি বোর্ডের নিয়মিত বৈঠক বাধ্যতামূলক করা</u>

ঠিকাদারদের জন্য প্রশ্নাবলী সহজ করার এখতিয়ার প্রকিউরমেন্ট পলিসি বোর্ডকে প্রদানের মাধ্যমে সিটি ঠিকাদারদের কাগুজে জটিলতা কমানো। প্রকিউরমেন্ট পলিসি বোর্ডের ত্রৈমাসিক বৈঠক আয়োজন বাধ্যতামূলক করা। প্রয়োজনীয় ক্লায়েন্ট সার্ভিস রিপোর্টের জন্য বাধ্যতামূলক গণশুনানির নিয়ম বাতিল করা।

"হ্যাঁ" ঠিকাদারের প্রশ্নাবলী সহজ করাসহ প্রকিউরমেন্ট পলিসি বোর্ডের কর্তৃত্ব সংশোধন করবে; এবং নির্দিষ্ট কিছু চুক্তি অনুমোদনের ক্ষমতা অর্পণের জন্য মেয়রকে কর্তৃত্ব প্রদান করবে। "না" আইনসমূহ অপরিবর্তিত রাখবে, যার ফলে মেয়র এবং কম্পট্রোলার দীর্ঘ প্রশ্নাবলী বজায় রাখবেন।

23 জলাই. 2026

**প্রশ্ন 3**

প্রস্তাবিত চার্টার সংশোধনী: সড়ক নিরাপত্তা প্রকল্প, সিটির অব্যবহৃত সম্পত্তির হস্তান্তর এবং অফিস লিজ গ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিতকরণ

নির্মাণ কাজ সম্পাদন দ্রুততর করতে সড়ক নিরাপত্তা প্রকল্পগুলোর পর্যালোচনা প্রক্রিয়া সহজ করা। সিটি প্ল্যানিং কমিশনের অনুমোদনের মাধ্যমে সিটির অব্যবহৃত সম্পত্তি হস্তান্তরের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করা। সিটির কর্মীদের ব্যবহৃত অফিস লিজ নেওয়ার প্রক্রিয়া ত্বরান্বিত করা।

"হ্যাঁ" সড়ক প্রকল্প অনুমোদন, সিটির সম্পত্তি হস্তান্তর এবং অফিস লিজের নিয়মাবলী সহজ করবে। "না" সড়ক প্রকল্পের ক্ষেত্রে আন্তঃসংস্থা পরামর্শ, সিটির সম্পত্তি হস্তান্তরে সিটি কাউন্সিলের অনুমোদন এবং অফিস লিজের ক্ষেত্রে সিটি কাউন্সিলের প্রত্যাখ্যানের বিধান বজায় রাখবে।

**প্রশ্ন 4**

প্রস্তাবিত চার্টার সংশোধনী: বিল্ডিং পারমিটিং (নির্মাণ অনুমতি) সহজীকরণ এবং ওয়াটারফ্রন্ট পারমিটিং বিভাগকে ডিপার্টমেন্ট অব বিল্ডিংসের অধীনে স্থানান্তর

অনুমোদন প্রক্রিয়া সহজ করতে একটি কেন্দ্রীয় 'কনস্ট্রাকশন পারমিটস হাব' তৈরি করা। ওয়াটারফ্রন্ট (জলাশয় সংলগ্ন এলাকা) সম্পর্কিত অনুমতি প্রদানের দায়িত্ব 'ডিপার্টমেন্ট অব স্মল বিজনেস সার্ভিসেস' থেকে 'ডিপার্টমেন্ট অব বিল্ডিংস'-এ স্থানান্তর করা। ডিপার্টমেন্ট অব বিল্ডিংস-এর অতিরিক্ত কর্মকর্তাদের মাধ্যমে নির্মাণ কাজ অনুমোদনের সুযোগ সৃষ্টি করা।

"হ্যাঁ" একটি কেন্দ্রীয় পারমিটিং হাব গঠন, ওয়াটারফ্রন্ট পারমিটিংকে ডিপার্টমেন্ট অব বিল্ডিংস-এ স্থানান্তর এবং অনুমোদন দেওয়ার ক্ষেত্রে ডিপার্টমেন্ট অব বিল্ডিংস-এর অতিরিক্ত কর্মকর্তাদের ক্ষমতা প্রদান করে অনুমতি প্রদান প্রক্রিয়াকে সহজ করবে। "না" বিদ্যমান আইনসমূহ অপরিবর্তিত রাখবে।

**প্রশ্ন 5**

প্রস্তাবিত চার্টার সংশোধনী: পর্যাপ্ত বাজেট রিজার্ভ নিশ্চিত করতে 'রেইনি ডে ফান্ড' (আকস্মিক সংকটকালীন তহবিল)-এ অবদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ

ভবিষ্যতের অপ্রত্যাশিত আর্থিক সংকট মোকাবিলার জন্য 'রেইনি ডে ফান্ড' বা আকস্মিক সংকটকালীন তহবিলসহ সংরক্ষিত তহবিলে রাখার মতো নির্দিষ্ট পরিমাণ অর্থ বা লক্ষ্যমাত্রা নির্ধারণ করা, এবং উক্ত অবদানের পরিমাণ গণনার জন্য একটি উপযুক্ত পদ্ধতি প্রণয়ন বাধ্যতামূলক করা।

"হ্যাঁ" রেইনি ডে ফান্ডে অর্থ জমার পরিমাণ গণনার পদ্ধতি নির্ধারণ করতে মেয়রকে বাধ্য করবে, যেখানে উক্ত জমা অর্থ সিটির বাজেটে অনুমোদনের অধীন থাকবে। "না" রিজার্ভ ফান্ডের কোনো লক্ষ্যমাত্রা নির্ধারণ না করে আইনসমূহ অপরিবর্তিত রাখবে।